

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০৯৮  
বিশালগড়, ১৮ মার্চ, ২০২৫

বিশালগড় ও সোনামুড়ায় ভারত-বাংলাদেশ সীমান্তে জনসাধারণের চলাচলে বিধিনিষেধ

জন জীবনে শান্তি এবং নিরাপত্তা বজায় রাখার লক্ষ্যে সিপাহীজলা জেলার অন্তর্গত বিশালগড় ও সোনামুড়া মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তের ৫০০ মিটার এলাকায় রাত ৮ টা থেকে পরেরদিন সকাল ৫টা পর্যন্ত জনসাধারণের চলাচলের উপর বিধিনিষেধ আরোপ করা হয়েছে। বিএনএসএস'র ১৬৩ নং ধারা অনুযায়ী সিপাহীজলা জেলার জেলাশাসক এক বিজ্ঞপ্তিতে এই বিধিনিষেধ আরোপ করেছেন। গত ১৩ মার্চ থেকে এই বিধি নিষেধ বলৎ করা হয়েছে। ১৩ মার্চ থেকে আগামী তিন মাস পর্যন্ত এই বিধিনিষেধ জারী থাকবে। তবে শান্তি, শৃঙ্খলা রক্ষার কাজে নিযুক্ত সামরিক, আধা সামরিক এবং রাজ্য পুলিশ বাহিনীর সদস্যগণ, সিপাহীজলা জেলার পুলিশ সুপার এবং সোনামুড়া ও বিশালগড় মহকুমার মহকুমা শাসকদের জারি করা বৈধ অনুমতিপ্রাপ্ত ব্যক্তিগণ, জরুরী সরকারি কাজে নিযুক্ত কর্মচারিগণ এবং অবিলম্বে চিকিৎসা প্রয়োজন এমন ব্যক্তিগণ এই বিধিনিষেধের আওতার বাইরে থাকবেন। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে বিএন এস এস'র ২২৩ নং ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

\*\*\*\*\*